# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১১১০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১০৩]

৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ১৯৬: ফজরের দু’ রাকআত সুন্নতের গুরুত্ব

(196) بَابُ تَأْكِيدِ رَكْعَتَيْ سُنَّةِ الصُّبْحِ

আরবী

وَعَنْ أَبِي عَبدِ اللهِ بِلاَلِ بن رَبَاح رضي الله عنه مُؤَذِّنِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم: أَنَّهُ أَتَى رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم لِيُؤْذِنَهُ بِصَلاَةِ الغَدَاةِ، فَشَغَلَتْ عَائِشَةُ بِلالاً بِأَمْرٍ سَأَلَتْهُ عَنْهُ، حَتَّى أَصْبَحَ جِدّاً، فَقَامَ بِلاَلٌ فَآذَنَهُ بِالصَّلاَةِ، وَتَابعَ أَذَانَهُ، فَلَمْ يَخْرُجْ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، فَلَمَّا خَرَجَ صَلَّى بِالنَّاسِ، فَأَخْبَرَهُ أَنَّ عَائِشَةَ شَغَلَتْهُ بِأَمْرٍ سَأَلَتْهُ عَنْهُ حَتَّى أَصْبَحَ جِدّاً، وَأنَّهُ أَبْطَأَ عَلَيْهِ بِالخُرُوجِ، فَقَالَ ـ يَعْنِي النَّبِيَّ صلى الله عليه وسلم «إنّي كُنْتُ رَكَعتُ رَكْعَتَي الفَجْرِ» فَقَالَ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، إنَّكَ أَصْبَحْتَ جِداً ؟ فقَالَ: «لَوْ أَصْبَحْتُ أَكْثَرَ مِمَّا أَصْبَحْتُ، لَركَعْتُهُمَا، وَأَحْسَنْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا». رواه أَبُو دَاوُدَ بإسناد حسن

বাংলা

৪/১১১০। আবূ আব্দুল্লাহ বিলাল ইবনে রাবাহ- যিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মুয়াজ্জিন ছিলেন।- (একবার) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ফজরের নামাযের খবর দেবার মানসে তাঁর নিকট হাযির হলেন। তখন আয়েশা রাদিয়াল্লাহু ’আনহা তাঁকে এমন বিষয়ে ব্যস্ত রাখলেন, তিনি যে সম্পর্কে তাঁকে জিজ্ঞাসাবাদ করছিলেন। শেষ পর্যন্ত ভোর খুব বেশি পরিস্ফুট হয়ে পড়ল, সুতরাং বিলাল দাঁড়িয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে নামাযের খবর দিলেন এবং বারংবার জানাতে থাকলেন। কিন্তু তিনি বাইরে আসলেন না। (তার কিছুক্ষণ পর) তিনি আসলেন ও লোকদেরকে নিয়ে নামায পড়লেন।

তখন বিলাল রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জানালেন যে, আয়েশা রাদিয়াল্লাহু আনহা তাঁকে এমন বিষয়ে ব্যস্ত রেখেছিলেন, যে সম্পর্কে তিনি তাঁকে জিজ্ঞাসাবাদ করছিলেন। শেষ পর্যন্ত খুব ফর্সা হয়ে গেল এবং তিনিও বাইরে আসতে দেরি করলেন। তিনি (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, ‘‘আমি

ফজরের দু’ রাকআত সুন্নত পড়ছিলাম।” বিলাল বললেন, ’হে আল্লাহর রাসূল! আপনি তো একদম সকাল করে দিলেন।’ তিনি বললেন, “তার চেয়েও বেশি সকাল হয়ে গেলেও, আমি ঐ দু’ রাকআত সুন্নত পড়তাম এবং সুন্দর ও উত্তমরূপে পড়তাম।” (আবূ দাউদ, হাসান সূত্রে)[1]

## English

(196) Chapter: Emphasis on Performing two Rak'ah Sunnah before Dawn (Fajr) Prayer

Abu 'Abdullah Bilal bin Rabah (May Allah be pleased with him) the Mu'adhdhin of Messenger of Allah (ﷺ) reported:

I went to inform the Messenger of Allah (ﷺ) about the time of the dawn (Fajr) prayer, and 'Aishah (May Allah be pleased with her) kept me busy and began to ask me about something till the day grew bright. Then I got up and informed the Messenger of Allah (ﷺ) of the time of Salat. I informed him again but he did not came out immediately to lead As- Salat. When he came out, he led As-Salat. I said to him: 'Aishah (May Allah be pleased with her) kept me busy and thus diverted my attention by asking about something and the morning grew bright. You also came out late. Upon that the Messenger of Allah (ﷺ) said, "I was engaged in performing two Rak'ah of Fajr prayer." Bilal (May Allah be pleased with him)said: "O Messenger of Allah! You delayed As-Salat so long as the morning grew bright." He (ﷺ) replied, "Even if the morning had become brighter than it had, I would have performed two Rak'ah of prayer in an excellent manner."

[Abu Dawud].

Commentary: This Hadith also tells us about the importance of the two Rak`ah of Fajr prayers and stresses the need to perform them with full concentration.

## ফুটনোট

[1] আবূ দাউদ ১২৫৭, আহমাদ ২৩৩৯৩

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ বিলাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=25300

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন